# প্রেস বিজ্ঞপ্তি

## জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকিঃ

## বিভিন্ন অপরাধে ৬৮টি প্রতিষ্ঠানকে ৩.৭৮ লক্ষ টাকা জরিমানা

**২৯ আগস্ট ২০১৭ খ্রি:**

বাণিজ্য মন্ত্রণালয়াধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের ঢাকা বিভাগীয় কার্যালয়, বিভিন্ন বিভাগীয় ও জেলা কার্যালয়ের ১৯ জন কর্মকর্তার নেতৃত্বে ঢাকা মহানগর, ময়মনসিংহ, জামালপুর, সিলেট, ঝালকাঠি, পটুয়াখালী, খুলনা, সাতক্ষীরা, ঝিনাইদহ, রাজশাহী, বগুড়া, পাবনা, ব্রাহ্মণবাড়ীয়া, চট্টগ্রাম, কুমিল্লা, রংপুর ও লালমনিরহাটে আজ বাজার তদারকি করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক শাহনাজ সুলতানা কর্তৃক বাণিজ্য মন্ত্রণালয়ের মোবাইল টিমের সাথে ঢাকা মহানগরীর পল্টন এলাকায় পণ্যের মূল্যের তালিকা প্রদর্শন না করা ও ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে সাদিয়া জেনারেল স্টোর/ মাংসের দোকানকে **২,০০০/- (দুই হাজার)** টাকা এবং মেয়াদ উত্তীর্ণ পণ্য বিক্রয়ের অপরাধে খন্দকার কোং এন্ড জেনারেল স্টোরকে **১৫,০০০/- (পনের হাজার)** টাকাসহ মোট **১৭,০০০/- (সতের হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক আফরোজা রহমানের নেতৃত্বে ঢাকা মহানগরী এলাকায় অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরীর অপরাধে শাহ আলম এর মিষ্টান্ন ফ্যাক্টরী ও আল বারাকা হোটেল এন্ড ফ্যাক্টরীকে যথাক্রমে **১০,০০০/- (দশ হাজার)** টাকা ও **৩০,০০০/- (ত্রিশ হাজার)** টাকা, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা ও অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরীর অপরাধে গাজী স্পেশাল ফুডকে **৩০,০০০/- (ত্রিশ হাজার)** টাকা এবং একই অপরাধে বাদল বেকারীকে **৩০,০০০/- (ত্রিশ হাজার)** টাকাসহ মোট **১,০০,০০০/- (এক লক্ষ)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

ময়মনসিংহ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মো: শাহ আলমের নেতৃত্বে ময়মনসিংহ সদর উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **১১,০০০/- (এগার হাজার)** টাকা, জামালপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মো: আরিফুল ইসলামের নেতৃত্বে জামালপুর সদর উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **৪,০০০/- (চার হাজার)** টাকাসহ মোট **১৫,০০০/- (পনের হাজার)** টাকা অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরী এবং পণ্যের মূল্যের তালিকা প্রদর্শন না করার অপরাধে জরিমানা আরোপ ও আদায় করা হয়।

সিলেট বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক মোহাম্মদ ফয়েজ উল্যাহ এর নেতৃত্বে সিলেটের কোতয়ালী থানা এলাকায় **৩টি** প্রতিষ্ঠানকে **৫১,০০০/- (একান্ন হাজার)** টাকা, ঝালকাঠি জেলা কার্যালয়ের সহকারী পরিচালক সাফিয়া সুলতানার নেতৃত্বে ঝালকাঠি সদর উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **৪,৫০০/- (চার হাজার পাঁচশত)** টাকা, পটুয়াখালী জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোহাম্মদ সেলিমের নেতৃত্বে পটুয়াখালী সদর উপজেলায় **৪টি** প্রতিষ্ঠানকে **৪,৫০০/- (চার হাজার পাঁচশত)** টাকা, খুলনা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক শিকদার শাহীনুর আলমের নেতৃত্বে খুলনা সদর উপজেলা ও বটিয়াঘাটা উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **১১,০০০/- (এগার হাজার)** টাকা, সাতক্ষীরা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মো: সোহেল শেখের নেতৃত্বে সাতক্ষীরা সদর উপজেলায় **১টি** প্রতিষ্ঠানকে **১০,০০০/- (দশ হাজার)** টাকা, ঝিনাইদহ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক সুচন্দন মন্ডলের নেতৃত্বে ঝিনাইদহের কালীগঞ্জ উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **১৪,০০০/- (চৌদ্দ হাজার)** টাকা, রাজশাহী বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক মো: হাসান-আল-মারুফের নেতৃত্বে রাজশাহীর পুঠিয়া উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **৯,০০০/- (নয় হাজার)** টাকা, বগুড়া জেলা কার্যালয়ের সহকারী পরিচালক দেবাশীষ রায়ের নেতৃত্বে বগুড়া সদর উপজেলায় **৫টি** প্রতিষ্ঠানকে **১০,০০০/- (দশ হাজার)** টাকা, রাজশাহী জেলা কার্যালয়ের সহকারী পরিচালক অপূর্ব অধিকারীর নেতৃত্বে রাজশাহীর পুঠিয়া উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **১৬,০০০/- (ষোল হাজার)** টাকা, পাবনা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক এ.এস.এম মাসুম-উদ-দৌলার নেতৃত্বে পাবনা সদর উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **৭,৫০০/- (সাত হাজার পাঁচশত)** টাকা, ব্রাহ্মণবাড়ীয়া জেলা কার্যালয়ের সহকারী পরিচালক দেবানন্দ সিনহার নেতৃত্বে ব্রাহ্মণবাড়ীয়া সদর উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **১৩,০০০/- (তের হাজার)** টাকা, চট্টগ্রাম বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক নাসরিন আক্তারের নেতৃত্বে চট্টগ্রামের পাঁচলাইশ থানা এলাকায় **১টি** প্রতিষ্ঠানকে **২০,০০০/- (বিশ হাজার)** টাকা, কুমিল্লা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মো: আছাদুল ইসলাম কর্তৃক অভিযোগের ভিত্তিতে **৫টি** প্রতিষ্ঠানকে **৫,৫০০/- (পাঁচ হাজার পাঁচশত)** টাকা, রংপুর বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক মো: মোস্তাফিজুর রহমানের নেতৃত্বে রংপুরের পীরগাছা উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **৯,০০০/- (নয় হাজার)** টাকা, লালমনিরহাট জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মো: শেখ সাদীর নেতৃত্বে লালমনিরহাটের আদিতমারী উপজেলায় **৪টি** প্রতিষ্ঠানকে **৮,০০০/- (আট হাজার)** টাকাসহ মোট **১,৯৩,০০০/- (এক লক্ষ তিরানব্বই হাজার)** টাকা অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরী, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, পণ্যের মূল্যের তালিকা প্রদর্শন না করা, সেবার মূল্যের তালিকা সংরক্ষণ ও প্রদর্শন না করা, ওজনে কারচুপি, ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়, খাদ্য পণ্যে নিষিদ্ধ দ্রব্যের মিশ্রণ, প্রতিশ্রুত পণ্য বা সেবা যথাযথভাবে বিক্রয় বা সরবরাহ না করা এবং মেয়াদ উত্তীর্ণ পণ্য বা ঔষধ বিক্রয়ের অপরাধে জরিমানা আরোপ ও আদায় করা হয়।

প্রধান কার্যালয়ের উপ-পরিচালক শাহীন আরা মমতাজ কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে Saans Cafe, অলিভ গার্ডেন, চিলক্স, লাখনোকে যথাক্রমে **২,০০০/- (দুই হাজার)** টাকা, **৩,০০০/- (তিনা হাজার)** টাকা, **১,০০০/- (এক হাজার)** টাকা ও **৩,০০০/- (তিন হাজার)** টাকা এবং খাদ্য পণ্যে নিষিদ্ধ দ্রব্যের মিশ্রণের অপরাধে আগরা (রহিম আফরোজ) কে **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকা ও ওজনে কারচুপির অপরাধে মহন চাঁদ গ্র্যান্ড সন্সকে **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকাসহ মোট **১৯,০০০/- (উনিশ হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং **৬** জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **৪,৭৫০/- (চার হাজার সাতশত পঞ্চাশ)** টাকা প্রদান করা হয়।

প্রধান কার্যালয়ের সহকারী পরিচালক মো: মাসুম আরেফিন কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে হোটেল আল রাজ্জাক রেস্টুরেন্টকে **১২,০০০/- (বার হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং **১** জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **৩,০০০/- (তিন হাজার)** টাকা প্রদান করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক রজবী নাহার রজনী কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে Mexican Spicy ও Tate of Nawab কে যথাক্রমে **৪,০০০/- (চার হাজার)** টাকা ও **২,০০০/- (দুই হাজার)** টাকাসহ মোট **৬,০০০/- (ছয় হাজার)** জরিমানা আরোপ ও আদায় এবং **২** জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **১,৫০০/- (এক হাজার পাঁচশত)** টাকা প্রদান করা হয়।

চট্টগ্রাম বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক নাসরিন আক্তার কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে মেসার্স ডিসিএস স্নেকস, মেসার্স কে.জি.এন রেস্টুরেন্ট ও মেসার্স ডাইন আউট রেস্টুরেন্টকে **৩,০০০/- (তিন হাজার)** টাকা করে **৯,০০০/- (নয় হাজার)** জরিমানা আরোপ ও আদায় এবং **৩** জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **২,২৫০/- (দুই হাজার দুইশত পঞ্চাশ)** টাকা প্রদান করা হয়।

চট্টগ্রাম বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক বিকাশ চন্দ্র দাস কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে KGN রেস্টুরেন্ট ও পানি পুরিকে যথাক্রমে **৩,০০০/- (তিন হাজার)** টাকা ও **৪,০০০/- (চার হাজার)** টাকাসহ মোট **৭,০০০/- (সাত হজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং **২** জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **১,৭৫০/- (এক হাজার সাতশত পঞ্চাশ)** টাকা প্রদান করা হয়।

আজকের **১৯টি** বাজার তদারকির ও **১৮টি** লিখিত অভিযোগ নিষ্পত্তির মাধ্যমে **৬৮টি** প্রতিষ্ঠানকে মোট **৩,৭৮,০০০/- (তিন লক্ষ আটাত্তর হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। আদায়কৃত জরিমানা হতে **১৪ জন** অভিযোগকারীকে মং **১৩,২৫০/- (তের হাজার দুইশত পঞ্চাশ)** টাকা প্রদান করা হয়। সংশ্লিষ্ট জেলা প্রশাসন, আর্মড পুলিশ ব্যাটালিয়ান ও জেলা পুলিশ, বাজার কর্মকর্তা, স্যানেটারী ইন্সপেক্টর এবং ক্যাব এসব তদারকি কার্যে সহায়তা প্রদান করেন। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে।


স্বাক্ষরিত/-
(রিনা বেগম)
সহকারী পরিচালক (কার্যক্রম)
ফোনঃ ০২-৮১৮৯৪১১
ই-মেইলঃ ad-operation@dncrp.gov.bd


**অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। মহাপরিচালক, র‍্যাব/বিটিভি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
২। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
৩। পুলিশ কমিশনার, ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, বরিশাল, রংপুর ও সিলেট মহানগর।
৪। যুগ্ম সচিব (আইআইটি), বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
৫। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
৬। জেলা প্রশাসক, ঢাকা, ময়মনসিংহ, জামালপুর, সিলেট, ঝালকাঠি, পটুয়াখালী, খুলনা, সাতক্ষীরা, ঝিনাইদহ, রাজশাহী, বগুড়া, পাবনা, ব্রাহ্মণবাড়ীয়া, চট্টগ্রাম, কুমিল্লা, রংপুর ও লালমনিরহাট।
৭। পুলিশ সুপার, ঢাকা, ময়মনসিংহ, জামালপুর, সিলেট, ঝালকাঠি, পটুয়াখালী, খুলনা, সাতক্ষীরা, ঝিনাইদহ, রাজশাহী, বগুড়া, পাবনা, ব্রাহ্মণবাড়ীয়া, চট্টগ্রাম, কুমিল্লা, রংপুর ও লালমনিরহাট
৮। সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯। অধিনায়ক ১, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।
১০। অধিনায়ক ৫, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।
১১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১২। জনসংযোগ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।